



# Muslim Canadian Congress

## LE CONGRES MUSULMAN CANADIEN

12 Millington Street, Toronto, Ontario M4X 1W8 • (416) 928-0477 • E-mail: muslimcongress@canada.com

### President:

Farzana Hassan

### Senior Vice President:

Salma Siddiqui

### Vice President, Finance:

Amin Nizami

### Secretary General:

Munir Pervaiz

### Communications

### Director:

Sohail Raza

### Director of Sharia:

Hasan Mahmud

### Members of the Board

Raheel Raza

Omar Khan

Hina Khan

Ali Abbas

Cheikh Bangoura

### Regional representatives:

BC: Jane Khan

Quebec: Intizar Zaidi

Ottawa: Salma Siddiqui

Calgary: Prof. Kanwar

Mahfooz

Saskatoon: Farkhanda

Wakil

Niagara Falls: Nimet

Karachi

Winnipeg: Margaret

Ahsan

Founder: Tarek Fatah

বাংলাদেশের জাতীয় দৈনিক পত্রিকা ভোরের কাগজ ১১ই এপ্রিল ও জনকণ্ঠ ৩০শে এপ্রিল তারিখে প্রকাশিত বগুড়া ও গাইবান্ধায় ২৬টি হিলা বিবাহের খবরে মুসলিম ক্যানাডিয়ান কংগ্রেস (এম সি সি) অত্যন্ত মর্মান্বিত হয়ে এই নিষ্ঠুর ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছে। এম সি সি অত্যন্ত দুঃখের সাথে এ-ও খেয়াল করেছে যে বাংলাদেশে অসংখ্য ইসলামি দল থাকা সত্ত্বেও কেউ এই অমানবিক ঘটনার প্রতিবাদ করে তাঁদের ইসলামি নামের মর্যাদা রক্ষা করেন নি অথচ তাঁদের প্রতিবাদ এই ইসলাম-বিরোধী প্রথা বন্ধ করতে পারত।

হিলা বিবাহে মৌখিকভাবে তালাকপ্রাপ্তা স্ত্রীকে জোর করে অন্য লোকের সাথে বিয়ে ও দৈহিক সংসর্গ করার পর তালাক নিতে বাধ্য করা হয় শুধু তার প্রথম স্বামীর সাথে পুনর্বিবাহের জন্য। এই অনৈসলামিক প্রথার মূল হল স্বামীর তাৎক্ষণিক মৌখিক তালাক উচ্চারণ যা প্রায়ই নিয়ত-বিহীন ও রাগের বশে হয়ে থাকে। স্বামী পরে অনুতপ্ত হয়ে স্ত্রীকে ফিরিয়ে নিতে চাইলেও নিরপরাধ স্ত্রীকে হিলা বিবাহের অনৈতিকতা ও নিষ্ঠুরতার শিকার হতে হয়। প্রকাশিত খবরে দেখা যায় বাংলাদেশে এই প্রথার ফলে এক ধরনের পেশাজীবী “হিলা-বর” ও “হিলা-মোল্লা” গজিয়েছে যারা এ থেকে টাকা কামায়। এর ভুক্তভোগীরা সর্বদাই গরীব শ্রেণীর কর্মজীবী মানুষ যাঁরা এটা প্রতিহত করার ক্ষমতা রাখেন না। পৃথিবীর বহু মুসলিম দেশের সরকার, ইসলামি নেতৃবৃন্দ ও দার্শনিক-বিশেষজ্ঞেরা বহু আগেই তাৎক্ষণিক তালাককে ইসলাম-বিরোধী ও অবৈধ ঘোষণা করেছেন।

ইসলামের নামে নারীদের জীবন ধ্বংস করে এই ফতোয়াবাজেরা ইসলাম ও মুসলিম-দেশগুলোর ললাটে যত অনপন্যেয় কলংক এঁকে দেয় তা ইসলাম-বিরোধীরাও দিতে পারে না। এ বিষবৃক্ষ বেড়ে ওঠার আগেই মানবতা ও ইসলামের স্বার্থে প্রবল জনমত গড়ে তুলে ও সরকারী আইন-প্রয়োগ করে এই ইসলাম-বিরোধী ফতোয়াবাজ ও তাদের অপদর্শনকে অনতিবিলম্বে গোড়া থেকে উপড়ে ফেলা দরকার।

গত ০৭ই মে তারিখে দৈনিক আমাদের সময় পত্রিকায় প্রকাশিত হয়েছে যে, হাইকোর্ট সরকারকে কারণ দর্শাতে বলেছে কেন এসব ফতোয়াবাজদের শাস্তি দেয়া ও তাদের কার্যক্রম বন্ধ করা হবে না। বিচারপতিদের এই পদক্ষেপকে এম সি সি স্বাগতঃ জানিয়ে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে এই ফতোয়াবাজদের উপযুক্ত শাস্তি দিতে এবং ধর্মনিরপেক্ষ আইন সুষ্ঠুভাবে প্রয়োগ করে ভবিষ্যতে এই অমানবিকতা রোধ করতে।

ফারজানা হাসান

প্রেসিডেন্ট

টরন্টো - ৭ই মে ২০০৭

ক্যানাডা

